ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

NOV. 26 2002

### সাবেক সা. সম্পাদকের সংবাদ সম্মেলন

# নাটোর জেলা ছাত্রদলের কমিটিতে অছাত্র ও সন্ত্রাসীদের স্থান হয়েছে

নাটোর সংবাদদাতা : সম্পূর্ণ অগণতান্ত্রিক প্রক্রিয়ায় বিধিবহির্ভূতভাবে অছাত্র ও সন্ত্রাসীদের নিয়ে জাতীয়তাবাদী ছাত্রদল নাটোর জেলা শাখা কমিটি গঠনের অভিযোগ এনেছেন জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক। গত রোববার জেলা প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মোঃ আব্দুল লতিফ লিখিত বক্তব্যে এ অভিযোগ আনেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, অবৈধ ও সাজানো নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে জেলা ছাত্রদলের পকেট কমিটি গঠন করা হয়েছে। লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়েছে যে, নাটোর জেলা ছাত্রদলের পকেট কমিটির সভাপতি সাইফুর রহমান আফতাব ও সাধারণ সম্পাদক দেওয়ান শাহীন চিহ্নিত সন্ত্রাসী ও চাঁদাবাজ। তারা নাটোরের তালিকাভুক্ত সন্ত্রাসীদের অন্যতম এবং তাদের নামে নাটোর থানায় দুটি হত্যা মামলাসহ রয়েছে একাধিক মামলা। অথচ গত ১৮ অক্টোবর ২০০২ নাটোরে অনুষ্ঠিত জেলা ছাত্রদলের সম্মেলনে রাজশাহী বিভাগীয় ... প্রক্রিয়ায়, ছাত্রদলের গঠনতন্ত্রের পরিপন্থীও বিধিবহির্ভূতভাবে এসব অছাত্র এবং সন্ত্রাসীদের নিয়ে কমিটি গঠন করেছেন।

অবৈধ এ কমিটি গঠন হওয়ার পর ৩৭ দিন অতিক্রান্ত হলেও তারা ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা দিতে ব্যর্থ হয়েছেন বলেও সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। তারা বলেন, কেন্দ্রীয় বিএনপির ১নং যুগ্ম মহাসচিব তারেক রহমান যেখানে ছাত্রদলে শুদ্ধি অভিযান চালাচ্ছেন সেখানে নাটোরে এ অগণতান্ত্রিক প্রক্রিয়ার তারা তীব্র প্রতিবাদ জানান এবং অছাত্র, সন্ত্রাসী ও চাঁদাবাজদের নিয়ে গঠিত পকেট কমিটি বাতিল করে গণতান্ত্রিক উপায়ে বৈধ প্রক্রিয়ায় পুনরায় কমিটি গঠনের জন্য কেন্দ্রীয় ও জেলা বিএনপির নেতৃবৃন্দের কাছে জোড় দাবি জানান।

সংবাদ সম্মেলনে নাটোর এন এস সরকারি কলেজ ছাত্র সংসদের সাবেক জি এস সায়েম হোসেন উজ্জ্বল, জেলা ছাত্রদলের এসএম মনিরসহ অন্যান্য ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।